গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৬.১৫-২২৯

তারিখ : ১৯ শ্রাবণ ১৪২২ / ০৩ আগস্ট ২০১৫

# প্রজ্ঞাপন

যেহেতু জনাব এস. এম. কামরুজ্জামান (পরিচিতি নম্বর ৬০১৮৫২), উপ-বিভাগীয় প্রকৌশলী (চ:দা:) (সাময়িকভাবে বরখাস্তকৃত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা মধুপুর সড়ক উপ-বিভাগ, টাঙ্গাইলে কর্মরত থাকাকালীন ২০১০-২০১১ অর্থবছরের জয়দেবপুর-টাঙ্গাইল-জামালপুর সড়কের ১১৯তম (অংশ) থেকে ১২৭তম (অংশ) কিলোমিটারে বিটুমিনাস কার্পেটিং দ্বারা পটহোলস মেরামত কাজের বিল গত ১১.০৮.২০১১ তারিখে স্বাক্ষর করে প্রায় ৩(তিন) বছর পর অর্থাৎ ০৪.০৬.২০১৪ তারিখে বিলটি টাঙ্গাইল সড়ক বিভাগে প্রেরণ করেন;

যেহেতু দীর্ঘ ৩(তিন) বছর পর উক্ত বিলটি টাঙ্গাইল সড়ক বিভাগে প্রেরণ করে দায়িত্ব পালনে চরম অবহেলা ও অদক্ষতার পরিচয় দিয়েছেন এবং এতে সরকারের জন্য বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে;

যেহেতু উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ হওয়ায় একই বিধিমালার ৩ (বি) বিধি অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করা হয় এবং বিভাগীয় মামলা নম্বর ০৩/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি গত ১৮.০২.২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ০৯.০৩.২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব অপূর্ব কুমার মন্ডল-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা কর্তব্যে অবহেলার অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত জবানবন্দি ও তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে তাঁর বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে। আরো প্রতীয়মান হয় যে অভিযোগের ধরণ ও প্রকৃতি অনুযায়ী তাঁর লঘুদন্ড প্রাপ্য।

চলমান পাতা-২

সেহেতু, এক্ষণে সার্বিক বিবেচনায় জনাব এস. এম. কামরুজ্জামান (পরিচিতি নম্বর ৬০১৮৫২), উপ-বিভাগীয় প্রকৌশলী (চ:দা:) (সাময়িকভাবে বরখাস্তকৃত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) অনুযায়ী লঘুদন্ড হিসেবে একটি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হতে ১(এক) বছরের জন্য স্থায়ীভাবে স্থগিত করা হল। ভবিষ্যতে স্থগিত বেতন বৃদ্ধি আর দাবী করতে পারবেন না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৩.০৮.২০১৫

(এম. এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৬.১৫-২২৯/১(১৪)

তারিখ : ১৯ শ্রাবণ ১৪২২ / ০৩ আগস্ট ২০১৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. সিনিয়ার সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৩. জনাব এস. এম. কামরুজ্জামান (পরিচিতি নম্বর ৬০১৮৫২), উপ-বিভাগীয় প্রকৌশলী (চ: দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

(যাহিদা খানম)
যুগ্মসচিব
ফোন : ৯৫১৩৬৮৮